

# ঢাকা ওয়াসা

- ১। ২০২৫-২০২৬ অর্থ বছরের বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
- ২। পূর্বানুমোদিত দরের কপি।
- ৩। প্রস্তুতকৃত প্রাক্কলন।

Works Name:- Dismantalling and reinstallation of SCADA Panel box and incorporation with SCADA Software under MODS Zone-8, Dhaka WASA কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

১। সংযুক্ত ক্রমিক গুলো অনুগ্রহ করে দেখা যেতে পারে। সবিনয়ে জানানো যাচ্ছে যে, মডুস জোন-৮ এর বিভিন্ন পাম্প SCADA System বাস্তবায়ন করা হয়েছে। বর্তমানে ৮৮ টি পাম্প স্ক্যাডা সিস্টেমের মাধ্যমে পরিচালিত হচ্ছে। স্ক্যাডা সিস্টেম একটি জটিল ও অধিকতর কারিগরি ব্যবস্থা বিধায় দক্ষ ও অভিজ্ঞ টেকনিশিয়ানের মাধ্যমে প্রয়োজনীয় রক্ষণাবেক্ষণ কাজ করতে হয়। প্রসঙ্গত উল্লেখ্য, যে সকল ক্ষেত্রে পাম্প সমূহের পানির উৎপাদন হ্রাস পায় অথবা পাম্প দিয়ে পানি উত্তোলন সম্ভব না হয় সে সকল ক্ষেত্রে পাম্প সমূহ প্রতিস্থাপন বা রি-জেনারেশন করার প্রয়োজন হয়। পাম্প সমূহ প্রতিস্থাপন বা রি-জেনারেশন কাজ করার সময় অধিকাংশ ক্ষেত্রে পাম্প কম্পাউন্ডে বিদ্যমান SCADA System এর বিভিন্ন যন্ত্রাংশ যেমন স্ক্যাডা প্যানেল বক্স, এনার্জি মিটার, প্রেসার ট্রান্সমিটার, কমিউনিকেশন কেবল প্রভৃতি দক্ষ ও অভিজ্ঞ টেকনিশিয়ানের মাধ্যমে পাম্প হাউজ বিচ্ছিন্ন করে অফিস কম্পাউন্ডে নিয়ে আসার প্রয়োজন দেখা দেয়। এছাড়াও স্ক্যাডা সিস্টেমের কোন ইক্যুপমেন্ট (পিএলসি, ইন্ডাস্ট্রিয়াল রাউটার, আইও কার্ড, পাওয়ার সাপ্লাই প্রভৃতি) বিকল হয়ে পড়লেও ট্রাবলসুটিং এর মাধ্যমে তা পরিবর্তনের জন্য অফিস কম্পাউন্ডে অবস্থিত স্ক্যাডা কন্ট্রোল রুমে নিয়ে আসতে হয়। পরবর্তীতে প্রতিস্থাপন/রি-জেনারেশন/মেরামত কাজ শেষে পুনরায় SCADA System এর মালামাল ও যন্ত্রাংশ সমূহ দক্ষ ও অভিজ্ঞ টেকনিশিয়ানের মাধ্যমে পাম্প কম্পাউন্ডে পুনঃস্থাপন করতঃ স্ক্যাডা প্রোগ্রামিং ও ডাটাবেস হালনাগাদ করনের মাধ্যমে সিস্টেম চালু করা হয়। তৎপ্রেক্ষিতে পূর্বানুমোদিত দরের প্রেক্ষিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলনে মোট টাকার পরিমাণ দাড়িয়েছে ৳ ২,৯৯,১০০.০০/- (দুই লক্ষ নিরানব্বই হাজার একশত) টাকা মাত্র। কাজটি অধিকতর জটিল ও কারিগরি বিবেচনায় এ কাজে দক্ষ ও পূর্ব অভিজ্ঞতা সম্পন্ন ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স মাহি এন্ড কোং এর মাধ্যমে পিপিআর ২০০৮ এর বিধি ৭৬(১)(ট) অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম হিসেবে সরাসরি ক্রয় পদ্ধতিতে (DPM) সম্পাদন করা যেতে পারে। উক্ত কাজের ব্যয়ভার অত্র বিভাগের ২০২৫-২০২৬ অর্থ বছরের স্ক্যাডা রক্ষণাবেক্ষণ(কোড নং-০১-০৪-০১৫) খাতের বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং- ১০.৩ হতে নির্বাহ করা যেতে পারে। কাজটির প্রাক্কলন অনুমোদনের ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

২। এমতাবস্থায়, উপরোক্ত বর্ণনার আলোকে মডুস জোন-৮ এর আওতাধীন Dismantalling and reinstallation of SCADA Panel box and incorporation with SCADA Software under MODS Zone-8, Dhaka WASA কাজটি সম্পাদনের লক্ষ্যে উপস্থাপিত ২,৯৯,১০০.০০/- (দুই লক্ষ নিরানব্বই হাজার একশত) টাকার প্রাক্কলনটির অনুমোদন সহ পিপিআর ২০০৮ এর বিধি ৭৬(১)(ট) অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম হিসেবে সরাসরি ক্রয় পদ্ধতিতে (DPM) এ কাজে দক্ষ ও পূর্ব অভিজ্ঞতা সম্পন্ন ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স মাহি এন্ড কোং এর মাধ্যমে সম্পাদন করার সদয় অনুমোদন দেয়া যেতে পারে। যা অনুমোদনের ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

Imam  
08/02/25

ইমামুল ইসলাম  
উপ-সহকারী প্রকৌশলী  
মডুস জোন-০৮, ঢাকা ওয়াসা।

মোঃ মোস্তফা  
সহকারী প্রকৌশলী  
মডুস জোন-৮  
ঢাকা ওয়াসা

অনুপম কুমার মন্ডল  
নির্বাহী প্রকৌশলী  
মডুস জোন-৮  
ঢাকা ওয়াসা।

SE, MODS Zone-2

EE, MODS Zone-8

৩। প্রদত্তাবহতি।

২০/০২/২৫  
প্রকৌশলী মোঃ শাহ আলম  
তত্ত্বাবধায়ক প্রকৌশলী  
মডুস সার্কেল-২, ঢাকা ওয়াসা।